গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়’র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ৩৪/২০১৭-১৮

ঢাকা, রোববার ২০ আগস্ট ২০১৭, ৫ ভাদ্র ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রী আজ দিনাজপুর ও কুড়িগ্রাম যাচ্ছেন

২। কুড়িগ্রামের ভেঙে যাওয়া বন্যা নিয়ন্ত্রণ বাঁধ মেরামত দ্রুত শেষ হবে : পানিসম্পদ মন্ত্রী

৩। বাণিজ্য সক্ষমতা বৃদ্ধি করে ২০২১ সালে ৬০ বিলিয়ন ডলার রফতানি আয় করা হবে : বাণিজ্যমন্ত্রী

৪। বঙ্গবন্ধু হত্যা প্রতিরোধে দায়িত্ব পালনে ব্যর্থদের জবাব দিতে হবে : আইনমন্ত্রী

৫। আগামী বছরই সবার ঘরে বিদ্যুৎ : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৬। পুলিশ সদস্যদের মামলার তদন্তে নিরপেক্ষ হতে হবে : আইজিপি

৭। সাইবার অপরাধ নিয়ন্ত্রণের সক্ষমতা বৃদ্ধির চেষ্টা চলছে : ডিএমপি কমিশনার

চলমান পাতা-২

১। **প্রধানমন্ত্রী আজ দিনাজপুর ও কুড়িগ্রাম যাচ্ছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ ২০ আগস্ট রোববার দিনাজপুর ও কুড়িগ্রামে বন্যাকবলিত এলাকা পরিদর্শন এবং বন্যার্তদের মধ্যে ত্রাণ বিতরণ করবেন। প্রধানমন্ত্রী প্রথমে দিনাজপুর যাবেন। তিনি বেলা **১১**টায় দিনাজপুর জিলা স্কুল আশ্রয়কেন্দ্রে বন্যার্তদের মধ্যে ত্রাণ বিতরণ করবেন। পরে তিনি বিরল উপজেলার ফরাক্কাবাদ ইউনিয়নের তেঘরা উচ্চ বিদ্যালয় আশ্রয়কেন্দ্রে গিয়ে ত্রাণ বিতরণ করবেন। দুপুর আড়াইটায় তিনি কুড়িগ্রাম জেলার উদ্দেশে রওনা দেবেন। সেখানে তিনি রাজারহাটে বন্যার্তদের মধ্যে ত্রাণ বিতরণ করবেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

২। **কুড়িগ্রামের ভেঙে যাওয়া বন্যা নিয়ন্ত্রণ বাঁধ মেরামত দ্রুত শেষ হবে : পানিসম্পদ মন্ত্রী**

পানিসম্পদ মন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেছেন, কুড়িগ্রামে ভেঙে যাওয়া বন্যা নিয়ন্ত্রণ বাঁধ এক সপ্তাহের মধ্যে মেরামত শুরু হবে এবং ত্বরিত গতিতে কাজ শেষ করা হবে। মন্ত্রী গতকাল **১৯** আগস্ট শনিবার কুড়িগ্রাম সদর উপজেলার কাঁঠালবাড়ী ইউনিয়নের বাংটুর ঘাট এলাকায় বন্যায় ভেঙে যাওয়া বাঁধ পরিদর্শনে এসে এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.১)।

৩। **বাণিজ্য সক্ষমতা বৃদ্ধি করে ২০২১ সালে ৬০ বিলিয়ন ডলার রফতানি আয় করা হবে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, প্রতিযোগিতামূলক বিশ্ব বাণিজ্যে সক্ষমতা অর্জনের জন্য বাংলাদেশ কাজ করে যাচ্ছে। দেশীয় শিল্পের সুরক্ষা দিয়ে বাংলাদেশ আমদানি ও রফতানি নীতি গ্রহণ করে। আগামী ২০২১ সালের মধ্যে ৬০ বিলিয়ন মার্কিন ডলার রপ্তানির লক্ষ্যমাত্রা নিয়ে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। ডব্লিউটিও এর দেওয়া বাণিজ্য সুবিধা গ্রহণের জন্য পেপারলেস বাণিজ্যে সক্ষমতা অর্জনের প্রস্তুতি চলছে। শ্রীলংকার সাথে ফ্রি ট্রেড এগ্রিমেন্ট (এফটিএ) স্বাক্ষর করা হচ্ছে। মন্ত্রী বলেন, ডব্লিউটিও-এর সিদ্ধান্ত মোতাবেক ইউরোপিয় ইউনিয়ন, অস্ট্রেলিয়া, কানাডা, চীন, ভারতসহ বিভিন্ন উন্নত দেশের দেওয়া বাণিজ্য সুবিধা কাজে লাগিয়ে বাংলাদেশের বৈদেশিক বাণিজ্য এগিয়ে যাচ্ছে। বৈদেশিক বাণিজ্যের ভলিউম বৃদ্ধির সাথে সাথে বাংলাদেশ চট্টগ্রাম, মংলা বন্দরের পাশাপাশি পানগাঁও ও পায়রা সমুদ্র বন্দর চালু করেছে, রাস্তাঘাট সম্প্রসারণ করা হচ্ছে। বৈদেশিক বাণিজ্য বৃদ্ধির সাথে সাথে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের বিকল্প নেই। বাংলাদেশ, ভুটান, ইন্ডিয়া, নেপাল (বিবিআইএন) এবং বাংলাদেশ চীন, ইন্ডিয়া, মায়ানমার (বিসিআইএম) কানেকটিভিটি বাস্তবায়নে বাংলাদেশ প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে কাজ করে যাচ্ছে। বাণিজ্যমন্ত্রী গতকাল **১৯** আগস্ট শনিবার ঢাকায় সেন্টার ফর গভর্নেন্স স্টাডিজ (সিজিএস) আয়োজিত বাংলাদেশ ইন্সটিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্রাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) এর মিলনায়তনে 'বাংলাদেশ ইন রিজিওনাল ট্রেড এন্ড কানেকটিভিটি : এ পলিটিকো-ইকোনমিক অ্যাসেসমেন্ট' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.২), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৪)।

৪। **বঙ্গবন্ধু হত্যা প্রতিরোধে দায়িত্ব পালনে ব্যর্থদের জবাব দিতে হবে : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, বঙ্গবন্ধুর খুনীরা যেখানেই পালিয়ে থাকুক না কেন তাদেরকে খুঁজে বের করে এনে সাজা কার্যকর করা হবে। তিনি বলেন, **১৯৭৫** সালের **১৫** আগস্ট কালরাতে বঙ্গবন্ধু হত্যাকাণ্ড প্রতিরোধ করতে অনেকেই তাদের দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছেন। তারা কেন ব্যর্থ হয়েছেন এ প্রশ্নের জবাব তাদেরকেই দিতে হবে। গতকাল **১৯** আগস্ট শনিবার রাজধানীর ধানমন্ডিতে বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের সহযোগিতায় আওয়ামী লীগের তথ্য ও গবেষণা কেন্দ্র আয়োজিত 'বঙ্গবন্ধু হত্যা মামলার পথচলা ও প্রতিবন্ধকতা' সংক্রান্ত এক সেমিনারে আইনমন্ত্রী এসব কথা বলেন।

সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

৫। আগামী বছরই সবার ঘরে বিদ্যুৎ : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, ২০১৮ সালের (আগামী বছরের) মধ্যে শতভাগ মানুষের কাছে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হবে। তবে মানসম্মত বিদ্যুৎ দেওয়া বড় চ্যালেঞ্জ এজন্য আরও সময় লাগবে। গতকাল ১৯ আগস্ট শনিবার রাজধানীর বিদ্যুৎ ভবনে ফোরাম ফর এনার্জি রিপোর্টার্স, বাংলাদেশ (এফইআরবি) আয়োজিত 'জ্বালানি'র দাম ও জাতীয় অর্থনীতি' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তেব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

৬। পুলিশ সদস্যদের মামলার তদন্তে নিরপেক্ষ হতে হবে : আইজিপি

পুলিশ সদস্যদের নিরপেক্ষভাবে মামলার তদন্ত প্রতিবেদন প্রদানের নির্দেশ দিয়েছেন পুলিশ মহাপরির্দশক এ কে এম শহিদুল হক। গত ১৮ আগস্ট শুক্রবার রাজশাহীর চারঘাটের সারদায় আবস্থিত বাংলাদেশ পুলিশ একাডেমিতে ৩৫তম বহিরাগত ক্যাডেট এসআই-১৬ ব্যাচের প্রশিক্ষণ সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ নির্দেশনা দেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫)।

৭। সাইবার অপরাধ নিয়ন্ত্রণের সক্ষমতা বৃদ্ধির চেষ্টা চলছে : ডিএমপি কমিশনার

জননিরাপত্তায় সাইবার অপরাধ প্রতিরোধে বিশ্বের বিভিন্ন দেশে অ্যাপস ব্যবহারে সীমাবদ্ধতা থাকলেও আমাদের দেশে সেটা নেই। ফলে দিন দিন সাইবার অপরাধের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। কিন্তু দুঃখজনক হলেও এটি প্রতিরোধ করার সক্ষমতা এখনও আমাদের হয়নি, তবে আমরা কাজ করে যাচ্ছি বলে জানিয়েছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) কমিশনার আছাদুজ্জামান মিয়া। গতকাল ১৯ আগস্ট শনিবার রাজধানীর তেজগাঁওস্থ এফডিসিতে আয়োজিত এক বিতর্ক প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ শেষে এসব কথা জানান তিনি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.৪,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** ক্ষুদ্র উদ্যোক্তাদের জামানত ছাড়া ১০ লাখ টাকা ঋণ গ্রহণের সুবিধা দেওয়ায় তা তাদের উদ্যোগগুলিকে অধিক গতিশীল করবে বলে আশা প্রকাশ।

খ. **ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে** : বন্যাদুর্গত এলাকায় সমন্বিত ও সুপরিকল্পিতভাবে ত্রাণ তৎপরতা জোরদার করার সুপারিশ।

গ. **যুগান্তর** : বৈদেশিক অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পগুলোর গতি বাড়াতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বিশেষ নজরদারির উদ্যোগ নেওয়ায় তা প্রকল্পের গতি বাড়াতে সহায়তা করবে বলে মতপ্রকাশ।

ঘ. **ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশি শিশুদের মানসিক স্বাস্থ্যের প্রবৃদ্ধি সন্তোষজনক না হওয়ার পরিপ্রেক্ষিতে বিশেষজ্ঞ মানসিক চিকিৎসকের সেবা প্রাপ্তির সুযোগ বাড়ানোসহ এ ব্যাপারে ব্যাপকজনসচেতনতা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ডেইলি সান :** দেশের ৯০ এর অধিক বেসরকারি বিশ্ববিদ্যালয়ের আইন ভঙ্গ করে নানা অবৈধ উপায়ে তাদের কার্যক্রম চালুর রাখার বিষয় তুলে ধরে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে এসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি স্টার :** বিগত ছয় বছরে চার বছরের সুনামগঞ্জের হাওর প্রজেক্টের কাজ মাত্র ২০ শতাংশ সম্পন্ন হওয়ায় প্রজেক্টের অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্নে যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ছ. **নিউ নেশন, নিউ এজ :** বিগত ২০১৬-১৭ অর্থ বছরে দুর্বল সেবা ও ব্যবস্থাপনাগত অদক্ষতার কারণে বাংলাদেশ রেলওয়ের ১.২২৬ কোটি টাকার লোকসানের বিষয় তুলে ধরে ঢাকা-চট্টগ্রাম রেল লাইনের উন্নয়নের দ্বারা লোকসান কমানোর ওপর গুরুত্বারোপ।

জ. **নিউ এজ, যায়যায়দিন :** কোরবানির পশু ব্যবসায়ীদেরকে চাঁদাবাজদের হয়রানি থেকে সুরক্ষায় সরকারকে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সর্বস্তরে শিশু নির্যাতনের বিরুদ্ধে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে তৃণমূল পর্যায়ে সামাজিক আন্দোলন গড়ে তোলা প্রয়োজন।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত **'সবুজ নগরীর প্রত্যাশায়'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ঢাকাকে বাড়তি মানুষের হাত থেকে রক্ষা করতে হলে ঢাকার বাইরে মফস্বল শহরে শিল্প-কারখানা গড়ে তোলার ব্যবস্থা করতে হবে।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৭/৯.০০